বাংলাদেশ স্কাউটস

মার্চ ২০১৮

ইনবক্স
ডিজিটাল আপডেট

মাননীয় প্রধানমন্ত্রী ৬ষ্ঠ জাতীয় কমডেকার উদ্বোধন করবেন

বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনা ও পরিচালনায় আগামী ৩১ মার্চ থেকে ৫ এপ্রিল ২০১৮ পর্যন্ত চাঁদপুর জেলার হাইমচর উপজেলাধীন চরভাঙ্গা এলাকায় ৬ষ্ঠ জাতীয় কমিউনিটি ডেভেলপমেন্ট ক্যাম্প (কমডেকা) আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কমডেকায় সার্কভূক্ত দেশসহ এশিয়া প্যাসিফিক স্কাউট অঞ্চলের বিভিন্ন দেশ ও দেশের সকল জেলা থেকে প্রায় ৭,০০০ স্কাউট, রোভার স্কাউট ও কর্মকর্তা অংশগ্রহণ করবে। ৬ষ্ঠ জাতীয় সমাজ উন্নয়ন ক্যাম্প (কমডেকা) সফলভাবে বাস্তবায়নের জন্য কমডেকা এলাকাকে ৪টি ভিলেজ ও ৮টি সাবক্যাম্পে বিভক্ত করা হয়েছে। এই ৬ষ্ঠ জাতীয় সমাজ উন্নয়ন ক্যাম্প (কমডেকা) আয়োজনের জন্য একটি শক্তিশালী সাংগঠনিক কমিটি এবং ১৭টি উপ কমিটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

১ এপ্রিল ২০১৮ সকাল ১১টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৬ষ্ঠ জাতীয় কমডেকার শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উদ্বোধনী অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশন সরাসরি সম্প্রচার করবে। এছাড়াও কমডেকার বিভিন্ন অনুষ্ঠানে মাননীয় মন্ত্রীবর্গ ও দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন বলে আশা করা যাচ্ছে। COMDECA (কমডেকা) এর পূর্ণরূপ Comunity Development Camp। কমডেকা হচ্ছে স্কাউট ও রোভার স্কাউটদের এমন এক মিলন মেলা যেখানে অংশগ্রহণকারীগণ স্থানীয় জনগণের সাথে মিলে মিশে সমাজ উন্নয়নমূলক কাজ করে থাকে। সামাজিক দায়বদ্ধতা থেকে একটি টেকসই সমাজ বিনির্মার্ণের লক্ষ্যে ৬ষ্ঠ জাতীয় কমডেকা-র থীম নির্ধারণ করা হয়েছে– "টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং"। এই থীম কমডেকায় অংশগ্রহণকারীদের উন্নত টেকসই দেশ তথা সমাজ গড়তে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করবে। থীমকে সফল করার জন্য ১২টি চ্যালেঞ্জ ও কয়েকটি কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে ৪টি গ্রামের প্রায় ৮৫০টি পরিবারে ও স্থানীয় জনগণের সাথে মিলেমিশে সমাজ উন্নয়নমূলক কাজ করবে। শিশু নিরাপত্তা, চিকিৎসা নিরাপত্তা, খাদ্য নিরাপত্তা, সোলার নিরাপত্তা, দুর্যোগকালীন নিরাপত্তা সম্পর্কে জানার পাশাপাশি শিক্ষার গুরুত্ব, আর্সেনিক, বাল্যবিবাহ, বিদ্যুৎ সাশ্রয়, সোলার পাওয়ার ব্যবহার ও মাদক সমস্যার বিষয়ে অবগত করবে। এছাড়া কৃষি কাজে উন্নত পদ্ধতি, সার ও বীজের ব্যবহার, গবাদি পশুর স্বাস্থ্য ও বাড়ীর আঙ্গিনায় বাগান সম্প্রসারণ সম্পর্কে সম্যক ধারণা প্রদান করবে। এছাড়াও স্কাউট ও রোভার স্কাউটরা রাস্তাঘাট মেরামত, ফলজ, বনজ ও ওষধি গাছের চারা রোপন ও বীজ বিতরণ, শিক্ষা উপকরণ বিতরণ, ফ্রি মেডিক্যাল ক্যাম্প, দেশীয় গবাদি পশু-পাখি পালন ও চিকিৎসা প্রদান, বন্ধু চুলা ও জৈব সার তৈরি এবং এর ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ ও হাতে কলমে করার মাধ্যমে সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালনের চর্চা করতে সক্ষম হবে।

আন্তর্জাতিক নারী দিবস পালন

৮ মার্চ, আন্তর্জাতিক নারী দিবস। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও দিনটি উদযাপিত হয়। এবার নারী দিবসের প্রতিপাদ্য 'সময় এখন নারীর: উন্নয়নে তারা বদলে যাচ্ছে গ্রাম-শহরের কর্ম-জীবনধারা (Time is Now: Rural and urban activists transforming women's lives)। ১৮৫৭ সালের ৮ মার্চ। মজুরী বৈষম্য, কর্মঘন্টা নির্ধারণ এবং কর্মক্ষেত্রে বৈরী পরিবেশের প্রতিবাদ করেন যুক্তরাষ্ট্রের নিয়ইয়র্কের সুতা কারখানার একদল শ্রমজীবী নারী। তাঁদের ওপরে দমন-পীড়ন চালায় মালিক পক্ষ। নানা ঘটনার পরে ১৯০৮ সালে জার্মান সমাজতান্ত্রিক নেত্রী ও রাজনীতিবিদ ক্লারা জেটকিনের নেতৃত্বে প্রথম নারী সম্মেলন করা হয়। এরই ধারাবাহিকতায় ১৯৭৫ সাল থেকে জাতিসংঘ দিনটি নারী দিবস হিসেবে পালন করছে। তখন থেকেই বিভিন্ন দেশে নারীর সংগ্রামের ইতিহাসকে স্মরণ করে দিবসটি পালন করা হয়।

বাংলাদেশ স্কাউটস এর গার্ল ইন স্কাউটিং বিভাগের ব্যবস্থাপনায় ১৬ মার্চ ২০১৮ জাতীয় সদর দফতরের শামস্ হলে "আন্তর্জাতিক নারী দিবস-২০১৮" উদযাপন করা হয়। ৬১জন গার্ল ইন কাব স্কাউট, গার্ল ইন স্কাউট ও গার্ল ইন রোভার স্কাউটদের অংশগ্রহণে "ছড়া পাঠ, রচনা লিখন ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়। "সমাপনী ও পুরস্কার বিতরণ" অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (গার্ল ইন স্কাউটিং) জনাব সুরাইয়া বেগম, এনডিসি এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গার্ল ইন স্কাউটিং বিষয়ক জাতীয় কমিটি সভাপতি প্রফেসর নাজমা শামস। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (জনসংযোগ, প্রকাশনা ও মার্কেটিং) জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব আরশাদুল মুকাদ্দিস, জাতীয় উপ কমিশনার (আন্তর্জাতিক) জনাব ফাহমিদা, জাতীয় উপ কমিশনার (সাপ্লাই সার্ভিস ম্যানেজমেন্ট ও প্রশাসন) খান মোঃ পীর-ই-আযম (আকমল), জাতীয় উপ কমিশনার (গার্ল ইন স্কাউটিং) জনাব মাহবুবা খানম, উপ প্রকল্প পরিচালক জনাব রুহুল আমিন, সহকারী পরিচালক (আর্টস এন্ড ডিজাইন) জনাব মতুরাম চৌধুরী এবং সহকারী পরিচালক (গার্ল ইন স্কাউটিং ও এক্স: স্কাউটিং) জনাব ফরিদ উদ্দিনসহ আগত ইউনিট লিডার ও অভিবাবকবৃন্দ।

পরিবেশ সচেতনতামূলক ‘আর্থ আওয়ার’ পালন

জলবায়ু পরিবর্তন এবং প্রকৃতি রক্ষায় সবাইকে সচেতন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানোর বৈশ্বিক আন্দোলন ‘আর্থ আওয়ার ডে’।

২৪ মার্চ স্থানীয় সময় রাত সাড়ে ৮টা থেকে রাত সাড়ে ৯টা পর্যন্ত বিশ্বব্যাপী বিভিন্ন শহরে বিদ্যুৎ বন্ধ করে ‘আর্থ আওয়ার ডে ২০১৮’ পালন করা হয় । বিশ্বব্যাপী ‘আর্থ আওয়ার’ আন্দোলনের আয়োজন করে ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচার (ডব্লিউ ডব্লিউ এফ)। পৃথিবীর প্রতি প্রতিশ্রুতির প্রতীক হিসেবে, প্রতিবছর মার্চ মাসের শেষে বিশেষ একটি দিনে রাত সাড়ে ৮টা থেকে সাড়ে ৯টা পর্যন্ত এক ঘণ্টা বৈদ্যুতিক সংযোগ বন্ধের জন্য ব্যক্তি, সমাজ ও ব্যবসায়িক প্রতিষ্ঠানমূহকে উৎসাহিত করতে ‘আর্থ আওয়ার’ পালন করা হয়।

২০০৭ সালে অস্ট্রেলিয়ার সিডনি অপেরা হাউজে বৈদ্যুতিক সংযোগ বন্ধের মাধ্যমে এর প্রচলন ঘটে। এখন বিশ্বের ১৮৭টি দেশের ৭ হাজার শহরে ‘আর্থ আওয়ার’ পালিত হয়। এই কার্যক্রমে বাংলাদেশ স্কাউটসের সদস্য পিছিয়ে নেই। বিভিন্ন জেলা ও উপজেলা এই দিবস পালন করেছে।

বেসিক কোর্স অন ডিজিটাল ফটোগ্রাফী

বাংলাদেশ স্কাউটসের জনসংযোগ ও মার্কেটিং বিভাগের আয়োজনে জাতীয় সদর দফতরের শামস হলে ২২ থেকে ২৪ মার্চ, ২০১৮ রোভার স্কাউট ও স্কাউটারগণের অংশগ্রহণে ডিজিটাল ফটোগ্রাফী বিষয়ক বেসিক কোর্স বাস্তবায়ন করা হয়। কোর্সে ০৪জন স্কাউটার, ২৮জন রোভার স্কাউট অংশগ্রহণ করেন। কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার, জাতীয় কমিশনার (জনসংযোগ, প্রকাশনা ও মার্কেটিং) বাংলাদেশ স্কাউটস, কোর্সের বিষয়সমূহ ছিল– ক্যামেরার সংক্ষিপ্ত ইতিহাস, শার্পনেস, ফোকাস, এপারচার, এক্সপোজার, লেন্স, ফিল্টার, আলো, আলোর উৎস, ফ্লাস, কালার, কম্পোজিশন, বিভিন মাধ্যমে ছবি স্থানান্তর ইত্যাদি বিষয়ে

বিস্তারিত সেশন পরিচালনা করা হয় এবং কোর্সের চতুর্থ দিন ব্যবহারিক সেশন পরিচালনা করা হয়। রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মজিবুর রহমান খান, সৈয়দ বদরুল করিম, জনাব তানভীর আলী, জনাব নজরুল ইসলাম, জনাব কে এম ইউছুফ আলী ও জনাব এহসান খান। কোর্স সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করেন কোর্স লিডার জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার, জাতীয় কমিশনার (জনসংযোগ, প্রকাশনা ও মার্কেটিং), বাংলাদেশ স্কাউটস। ধন্যবাদ জ্ঞাপন করেন জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস।

দীক্ষা প্রদান অনুষ্ঠান

২৩ মার্চ ২০১৮ তারিখ বি সি এস আই আর উচ্চ বিদ্যালয়ে ফ্রেন্ডশিপ ওপেন স্কাউট গ্রুপের প্রথম দীক্ষা প্রদান অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে স্কাউটদের উৎসাহিত করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (প্রকল্প) ও ফ্রেন্ডশিপ ওপেন স্কাউট গ্রুপের সভাপতি জনাব মোঃ মোহসীন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব আই কে সেলিম উল্লাহ খোন্দকার, জাতীয় উপ কমিশনার (এক্সটেনশন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস এবং অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা। আরো উপস্থিত ছিলেন ঢাকা কলেজ রোভার স্কাউট গ্রুপের সম্পাদক প্রফেসর শামিম আরা বেগম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফ্রেন্ডশিপ ওপেন স্কাউট গ্রুপের সহ-সভাপতি ও বি সি এস আই আর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ড. মোঃ ইদ্রিস আলী।

ফ্রেন্ডশিপ ওপেন স্কাউট গ্রুপের প্রথম দীক্ষা অনুষ্ঠানে মোট ৪৮ জন দীক্ষা গ্রহণ করে, তাদের মধ্যে ৩২ ছেলে ও ১৬ মেয়ে। আমরা প্রত্যেকের কাছে দোয়া চাই যেন আগামি পথচলা স্বার্থক ও মসৃণ হয়, অর্থবহ হয় যেন সকল কর্মকান্ড।

অনুষ্ঠান সফল করতে সর্বাত্মক সহযোগিতা করেন বি সি এস আই আর উচ্চ বিদ্যালয়ের ইউনিট লিডার ও সিনিয়র শিক্ষক জনাব সেলিমা আক্তার, বিপি মুক্ত স্কাউট গ্রুপের সম্পাদক জনাব মোঃ আব্দুল হান্নান, ঢাকা কলেজ রোভার স্কাউট গ্রুপের সদস্য ও ঢাকা মহিলা পলিটেকনিক স্কাউট গ্রুপের সদস্যগণ।

যদি আরও জানতে চান...

অফিসিয়াল ফেইসবুক পেজ:
www.facebook.com/bangladeshscouts

ক্লিক করুন:
www.scouts.gov.bd

নোটিশ বোর্ড

বাংলাদেশ স্কাউটস ইনবক্সে স্কাউটিং সম্পর্কিত সংবাদ, প্রতিবেদন এবং ছবি পাঠানোর ঠিকানা

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড
কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন : ০২ ৯৩৩৩৬৫১
মোবাইল : ০১৭১২-৮৬৪১১৫
ই-মেইল :
ncshahriar@yahoocom
probangladeshscouts@gmail.com

সম্পাদনা পরিষদ

প্রধান উপদেষ্টা
ড. মোঃ মোজাম্মেল হক খান
প্রধান জাতীয় কমিশনার

সম্পাদক
সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার
জাতীয় কমিশনার (জনসংযোগ, প্রকাশনা ও মার্কেটিং)

প্রকাশক
আরশাদুল মুকাদ্দিস
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)

নির্বাহী সম্পাদক
মোঃ মশিউর রহমান
উপ পরিচালক (জনসংযোগ ও মার্কেটিং)

প্রকাশনায়
জনসংযোগ, প্রকাশনা ও মার্কেটিং বিভাগ
বাংলাদেশ স্কাউটস